4

06052/10

I 6529/10

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

808086

W.B.-Case NO - 794/10
Query - 11843/10

Certified that the document is admitted to registration. The signature sheet/s and the endorsement sheets attached with this document are the part of this document.

28/06/10

Bijoy Krishna Shill

Sanjit Seal

মং ২০, ৭৫,০০০ কুড়ি লক্ষ পঁচাত্তর হাজার টাকা পন মূল্যের
নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ।

---

**কোবালা গ্রহিতা** – শ্রীমতী অনুরাধা রায় , স্বামী শ্রী সুব্রত রায় , জাতি হিন্দু, পেশা ব্যবসা , সাং ৩৯।৫।৬, নারায়ণ রায় রোড, শীলপাড়া , থানা – ঠাকুর পুকুর , কোলকাতা ৭০০০০৮ ।

---

Bijoy Krishna Shill
Sanjit Seal

কোবালা দাতাদ্বয় — ১। শ্রী বিজয় কৃষ্ণ শীল , পিতা মৃত চন্দ্র কুমার শীল
২। শ্রী সঞ্জিত শীল , পিতা শ্রী বিজয় কৃষ্ণ শীল
উভয়ের জাতি হিন্দু, পেশা ১নং অবসরপ্রাপ্ত , ২নং বেকার
উভয়ের সাং ৬২, বিদ্যাসাগর পল্লী, বড়িষা , থানা ঠাকুর — পুকুর , কলকাতা — ৭০০০০৮ ।

---

কস্য হাল রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের বাস্তু জমি মায় তদুপরিস্থিত — এ্যাসবেসটারের ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় আকর আওলাতাদি সহ মায় সংলগ্ন — বহালি কমন প্যাসেজ বা রাস্তার সর্ব্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্ত — হক হকুক সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র — মিদং কার্য্যঞ্চা গে ঃ—

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক বেহালা হাল থানা ঠাকুর পুকুর , এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজেস্ট্রী অফিস বেহালা , পরগণা খাসপুর , অত্র — জেলা কালেক্টারীর ১০নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ২৩ , রেঃ সাঃ নং ৪৩, বর্ত্তমানে দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২৪ নং ওয়ার্ডে ভুক্ত ৭০৯ নং বিদ্যাসাগর সরনী প্রেমিসেস / হোলডিং ভুক্ত মৌজা পূর্ব্ব বড়িষা গ্রামস্থিত সাবেক ১২১ নং — খতিয়ান ভুক্ত হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত ২৮২৩ নং দাগের অত্র কোবালার ১নং দাতা আমার খরিদা কমবেশ ১ কাঠা ১১ ছটাক ২৮ বর্গফুট জমি জমা মায় তদুপরিস্থিত ৫০ বর্গফুট পরিমিত এ্যাসবেসটারের ছাউনি যুক্ত গৃহাদি এবং ঐ জেলা ঐ থানা এলাকাধীন ১০নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ২৩, রেঃ সাঃ

Bijoy Krishna Shill

Sanjit Seal

নং ৩৪, বর্তমানে হাল দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১২৪নং ওয়ার্ডের অন্তর্গত বিদ্যাসাগর সরনী রোডস্থিত মৌজা পুর্ব্ব বড়িষা সাবেক ১২১ নং খতিয়ানে হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত ২৮২৩ নং দাগের অত্র কোবালার ২নং দাতা আমার খরিদা কমবেশ ৩ কাঠা ১৫ ছটাক ১০ বর্গফুট - বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ৫০ বর্গফুট পরিমিত এ্যাসবেসটারের ছাউনি যুক্ত - গৃহাদি ।

একুনে অত্র কোবালা দাতা দ্বয় আমাদের উভয়ের খরিদা মোট ৫ কাঠা ১০ ছটাক ৩৮ বর্গফুট বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত গৃহাদি যাহা - নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত এবং অত্র দলিল সম্বিয় নকসায় লাল বর্ণের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত তাহাই অত্র দলিলের বিষয়ীভুত বিক্রীত সম্পত্তি হইতেছে ।

প্রকাশ থাকে যে, উক্ত পুর্ব্ব বড়িষা মৌজাস্থিত জেলা জরিপের ১২১নং খতিয়ানে বার্ষিক ৫ টাকা জমায় ২৮০৩ ও ২৮২৩ নং দাগের ১. ২৫ শতক জমি নরেন্দ্র নাথ বসু দিং এর স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে, উক্ত নরেন্দ্র নাথ বসু দিং তাহাদের নির্ব্যূঢ় স্বত্ব দখলিয় ২৮২৩ নং দাগের .৭৯ শতক জমি বিগত ইং ১৯৩০ সালের ২৪শে জানুয়ারী - তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রী মুলে কোবালা দলিল দ্বারা জনৈকা উমা শশী সরকার বরাবরে বিক্রয় করায় উক্ত উমাশশী সরকার তাহার নিজ স্ত্রীধন অর্থে ও স্বার্থে - খরিদা জমি খাসে চাষাবাদ পুর্ব্বক ফসলাদি জন্মাইয়া উপভোগ আদির দ্বারা দখল - ব্যবহার করিতে থাকিয়া গত ইংরাজী ১৯৫৭ সালের ২০ শে জুলাই তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত বিক্রয় কোবালা দলিল মুলে নন্দ দুলাল দাস মহাশয়ের নিকট বিক্রয়

Bijoy Krishna Shill.

Sanjit Seal

করিয়া তাহাতে খাস দখল বুঝাইয়া দিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হন ।

অতঃপর উক্ত নন্দ দুলাল দাস মহাশয় তাহার উক্ত খরিদা জমি জমা বর্ত্তমান রিভিসন্যাল সার্ভে জরিপে উক্ত ২৮২৩ নং দাগ বহাল ১৯৫৯ নং খতিয়ানের রায়ত দখলি স্বত্বের নিজ নাম রেকর্ড ভুক্ত করিয়া খাসে ভোগদখল থাকাবস্থায় নগদ অর্থের বিশেষ প্রয়োজনে তাহার উক্ত জমি জমা সহ আরও অন্যান্য জমি জমা বিগত ইং ১৯৬৩ সালের ২৭শে মে তারিখে সম্পাদিত ও বেহালা সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির,৪৬ নং ভল্যুমের ২১০ হইতে ২১৯ নং পাতায় লিখিত বিগত ইং ১৯৬৩ সালের ২৮৩৮ নং কোবালা দলিল মূলে শ্রী চমন লাল দাগা পিতা মৃত চুনীলাল দাগা , সাং ৩৫ নং মুক্তরাম বাবু স্ট্রীট , কলকাতা ৭ মহাশয়ের নিকট উপযুক্ত পন মূল্যের বিনিময়ে বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

অতঃপর উক্ত চমন লাল দাগা মহাশয় তাহার উক্ত খরিদা সমুদয় জমি জমার মধ্যে কতক জমি রাস্তা রূপে সুচিহ্নিত করিয়া অবশিষ্ট জমি জমা ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয় করিবার ঘোষণা করিলে, আমি অত্র ১নং কোবালা দাতা তাহা অবগত হইয়া উক্ত ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত ২৮২৩ নং দাগের অন্তর্গত ১৪নং স্কীম প্লট এর অংশে কমবেশ ১ কাঠা ১১ ছটাক ২৮ বর্গফুট জমি জমা বিগত ইং ১৯৭৩ সালের ৮ই জুন তারিখে জয়েন্ট সাব রেজেষ্ট্রী আলিপুর অফিসে রেজেষ্ট্রীকৃত এক কেতা সাফ কোবালা দলিল মূলে উপযুক্ত পন মূল্যের বিনিময়ে উক্ত চমন লাল দাগা মহাশয়ের নিকট হইতে খরিদ করি । উক্ত সাফ কোবালা দলিল খানি উক্ত অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির , নং ভল্যুমের ২৯৫ হইতে ৩০০ নং পাতায় লিখিত বিগত ইং ১৯৭৩ সালের

Bijoy Krishna Shill

Sanjit Seal

২৬৯৯ নং দলিল মূলে লিপিবদ্ধ আছে ।

অতঃপর আমি অত্র ১নং দাতা আমার খরিদা উক্ত জমি জমার উপর গৃহাদি নির্ম্মান করিয়া উক্ত সম্পত্তির জন্য হাল দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে আমার নাম পত্তন করিয়া আমার নামে ৭০৯ নং বিদ্যাসাগর সরনী প্রেমিসেস ভুক্ত-করাইয়া লই যাহার এ্যাসেসি নং ৪১- ১২৪ -০৮- ০৭০৭ - ৯ ।

প্রকাশ থাকে যে , উক্ত চমন লাল দাগা মহাশয় উক্ত পূর্ব্ব বড়িষা মৌজাস্থিত হাল - ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত ২৮২৩ নং দাগের অন্তর্গত ১৫ নং স্কীম প্লট ভুক্ত কমবেশ ৩ কাঠা ১৫ ছটাক ১০ বর্গফুট জমি জমা বিগত ইং ২১।৫।১৯৬৬ সাল তারিখে বেহালা সাব - রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত এক সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শ্রী সমরেন্দ্র - মোহন ব্যানার্জ্জী পিতা মৃত বিরাজমোহন ব্যানার্জ্জী মহাশয়কে বিক্রয় করিয়া - উক্ত বিক্রীত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন । উক্ত সাফ বিক্রয় - কোবালা দলিল খানি বেহালা সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির , ৪৩ নং ভল্যুমের ২৩২ হইতে ২৩৭ নং পাতায় লিখিত ১৯৬৬ সালের ২৮২৬ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে ।

অতঃপর উক্ত সমরেন্দ্র মোহন ব্যানার্জ্জী মহাশয় তাহার খরিদা উক্ত স্কীম - প্লটের ১৫ নং প্লট ভুক্ত ৩ কাঠা ১০ ছটাক ১৫ বর্গফুট জমি জমাতে ভোগদখল থাকাবস্থায় তাঁহার অর্থের আবশ্যক হেতু উক্ত জমি বিগত ইং ১৯৯৪ সালের ১৪ই এপ্রিল তারিখে - এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে আমি অত্র ২নং দাতা আমাকে বিক্রয় -

Bijoy Krishna Shil

Sanjit Seal

করিয়া দিয়া উক্ত বিক্রীত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হয়েন। উক্ত সাফ বিক্রয় কোবালা দলিল খানি বেহালা সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির ১৯৯৪ সালের ১১২০ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর আমি অত্র ২নং দাতা আমার খরিদা উক্ত ১৫ নং প্লট ভুক্ত ৩ কাঠা - ১০ ছটাক ১৫ বর্গফুট জমির উপর গৃহাদি নির্ম্মান করিয়া এযাবৎ কাল খাসে ভোগবান ও দখলিকার আছি।

একুনে আমরা অত্র কোবালা দাতা দ্বয় আমাদের উপরোক্ত মতে দুই কেতা দলিল মূলে একুনে মোট কমবেশ ৫ পাঁচ কাঠা ১০ দশ ছটাক ৩৮ আটত্রিশ বর্গফুট বাস্তু জমি জমা মায় কাঁচা গৃহাদি সহ সম্পত্তিতে এযাবৎ কাল অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে খাসে ভোগবান ও দখলিকার আছি এবং উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমাদের বিক্রয় যোগ্য উত্তম নির্ব্যুঢ় স্বত্ব বিদ্যমান আছে।

বর্ত্তমানে অত্র কোবালা দাতা দ্বয় আমাদের নানা বিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের উপরোক্ত মতে খরিদা ও খাস দখলিয় উক্ত - পূর্ব্ব বড়িষা মৌজাস্থিত ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত ২৮২৩ নং দাগের কমবেশী ৫ পাঁচ কাঠা ১০ দশ ছটাক ৩৮ আটত্রিশ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত কাঁচা গৃহাদি সহ মায় উক্ত জমি সংলগ্ন বহালি কমন প্যাসেজের বা রাস্তার সর্ব্ব প্রকার ব্যবহার্য ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল, উহা বর্ত্তমান - বাজার উচিৎ সর্ব্বোচ্চ মূল্য বেলমোক্তা মং ২০,৭৫,০০০ কুড়ি লক্ষ পঁচাত্তর হাজার - টাকা পন মূল্যে বিক্রয় করিব ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা

Bijoy Krishna Shill

Sanjit Seal

অবগত হইয়া উক্ত সম্পত্তি উক্ত মূল্যে খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করায় আমরা উহাতে সম্মত ও রাজী হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্যকৃত পন মূল্যের সাকুল্য মং ২০,৭৫,০০০ কুড়িলক্ষ পঁচাত্তর হাজার টাকা নিম্ন রায়মত বুঝিয়া পাইয়া ও তৎ প্রাপ্তি স্বীকারে অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথার্থ সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দাবী দাওয় দখল অধিকার লভ্য হক হকিয়ত আদি ছিল ও আছে তৎ সমুদয় অদ্য হইতে অত্র বিক্রয় কোবালা বলে আমাদিগ হইতে চিরতরে ধ্বংশ ও বিলুপ্ত হইয়া আপনার প্রতি বর্ত্তিল ও অর্শিল। আপনি অদ্য হইতে উহাতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও দখলে দখলিকারিনী হইয়া মালিক সরকারে ও হাল দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশা আপনার নাম পত্তন করিয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাকসাদি আদায়ে উহাতে আইন সঙ্গত ভাবে কাটিয়া ভরিয়া বাস্তু বানাইয়া গৃহাদি নির্ম্মানে কিংবা যদৃচ্ছা মত দখলের কার্য্য পরিচালনে দান বিক্রয় বন্ধকাদি দ্বারা সর্ব্ব প্রকার হস্তান্তর রূপান্তর করণের উপযুক্ত ক্ষমতা ধারণে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমরা মায় আমাদের কোন ওয়ারিশ ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিব না ও করিবেক না, করিলেও তাহা সর্ব্বদা সর্ব্বথা সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

Bijoy Krishna Shil
Sanjit Seal

তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি আমরা ইতি পূর্ব্বে অন্য কাহাকেও দান বিক্রয় - বন্ধকাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা হস্তান্তর করিবার নিমিত্ত অপর - কাহারও সহিত কোন চুক্তি করি নাই বা উহাতে আমাদের অপর কোন শরিক বা - অংশীদার নাই বা আমরা কাহারও বেনামদার নহি বা উহাতে কোন প্রজাবিলি বা ভাড়াটিয়া নাই বা সরকার বাহাদুর কর্ত্তৃক বা কোন যৌথ প্রতিষ্ঠান কর্ত্তৃক কোন - প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। ইহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ - অবস্থায় আমাদের উপরোক্ত মতে খাস দখলে বিদ্যমান থাকা অবস্থায় অত্র কোবালা - দলিল মূলে আপনাকে বিক্রয় করিলাম ও অদ্যই আপনাকে উহার খাস দখল প্রদান - করিলাম।

যদি ভবিষ্যতে আমাদের কোন দায় ও দোষ থাকা প্রকাশে বা কোন উক্তি - মিথ্যা বা তঞ্চকতা থাকা প্রকাশে আপনার সুত্ব দখলের কোন বাধা বিঘ্ন জন্মে তাহা হইলে মাফিক আইন আমলে আসিব ও ও আপনার সর্ব্ব প্রকার ক্ষতি পুরণ সহ পন মূল্যের সাকুল্য টাকা এককালীন ফেরৎ দিতে আমরা মায় ওয়ারিশান গণক্রমে - বাধ্য থাকিলাম ও রহিলাম।

আর যদি অত্র দলিলের কোন অংশে ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তজ্জন্য - ভবিষ্যতে কোন সংশোধন বা পরিপুরক দলিল করিয়া দেওয়ার আবশ্যক হয় তাহাও আমরা বিনা পনে আপনার তলবে ও খরচায় যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী - করিয়া দিতে আমরা মায় ওয়ারিশান গণ ক্রমে বাধ্য থাকিলাম ও রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র -

। ৯।

Bijoy Krishna Shil

Sanjit Seal

দলিল পাঠ করিয়া ও করাইয়া শুনিয়া বুঝিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া ও ধার্য্যকৃত - পন মূল্যের সাকুল্য টাকা নিম্ন মায়মত বুঝিয়া পাইয়া ও তৎ প্রাপ্তি স্বীকারে অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও - রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তাং ইং ২০১০ সালের ২৯ শে জুলাই

বাংলা ১৪১৭ সালের ১৪ ই শ্রাবণ

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় -

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক বেহালা হাল থানা ঠাকুর পুকুর, এ্যাডিশন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজেষ্ট্রী অফিস বেহালা, পরগণা খাসপুর অত্র জেলা কালেকটারীর - ১০ নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ২৩ রেঃ সাঃ নং ৪৩ বর্ত্তমানে দি কলকাতা - মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১২৪ নং ওয়ার্ড ভুক্ত ৭০৯ নং বিদ্যাসাগর সরনী - প্রেমিসেস ভুক্ত মৌজা পুর্ব্ব বড়িষা গ্রামস্থিত ১২১ নং খতিয়ানে হাল রিভিসন্যাল - সেটেলমেন্ট সরিপের ১৯৫৯ এক হাজার নয় শত উনষাট নং খতিয়ান ভুক্ত ২৮২৩ দুই - হাজার আট শত তেইশ নং দাগের অত্র ১নং কোবালা দাতা আমার খরিদা কমবেশ ১ এক কাঠা ১১ এগার ছটাক ২৮ আটাশ বর্গফুট বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ৫০ বর্গফুট পরিমিত এ্যাসবেসটাসের ছাউনি যুক্ত গৃহাদি।


ঐ জেলা, ঐ থানার অধিন পরগণা খাসপুর ১০ নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ২৩ রেঃ সাঃ নং ৪৩, বর্ত্তমানে দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১২৪ নং - ওয়ার্ড ভুক্ত বিদ্যাসাগর সরনী রোডস্থিত মৌজা পুর্ব্ব বড়িষা গ্রামে ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত ২৮২৩ আটাশ শত তেইশ নং দাগের অত্র ২নং কোবালা দাতা আমার খরিদা

SITE PLAN AT VIDYA SAGAR SARANI, AT MOUZA - PURBA BARISHA, J.L.NO-23.
WARD NO.-124, BOROUGH NO-XIV, UNDER K. M. C.
(S. S. UNIT), P. S. THAKURPUKUR, DIST- SOUTH 24 PGS.
R.S. NO- 43 R.S. KHATIAN NO.-1959, SCALE:- 1"=16'-0"
R.S. DAG NO.-2823, TOUZI NO.-10

NAME OF PURCHASER - SMT. ANURADHA ROY

AREA OF LAND:- PRE. NO.-709 =1K. 11 CH. 28 S.FT.
UNASSESS - =3 K. 15 CH. 10 S.F.T.
TOTAL LAND AREA = 5 K. 10 CH. 38 S.FT.

Area of R.T.S. Structure=100 s.ft.




Bijoy Krishna Shill

Sanjit Seal - [redacted]

(SIGNATURES OF VENDOR)

Government Of West Bengal
Office Of the D.S.R.-II SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

Endorsement For Deed Number : I - 06529 of 2010
(Serial No. 06052 of 2010)

**On 29/06/2010**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 15.30 hrs on :29/06/2010, at the Private residence by Sanjit Sil , one of the Executants.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 29/06/2010 by

1 Bijoy Krishna Sil, son of Late Chandra Kumar Sil , Barisha, 62, Vidyasagar Pally, Thana:-Thakurpukur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700008 , By Caste Hindu, By Profession : Retired Person

2 Sanjit Sil, son of Bijoy Krishna Sil , Barisha, 62, Vidyasagar Pally, Thana:-Thakurpukur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700008 , By Caste Hindu, By Profession : Others

Identified By Tiloke Ghosh, son of Late Panch Kari Ghosh, 9, Bose Para Bye Lane, Thana:-Thakurpukur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700008 , By Caste: Hindu, By Profession: Business.

( Sadhan Chandra Das )
DISTRICT SUB-REGISTRAR-II

**On 30/06/2010**

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 22814/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on 30/06/2010

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-2075000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 124510 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1 Rs 40000/- is paid, by the Bankers cheque number 339329, Bankers Cheque Date 26/06/2010, Bank Name State Bank of India, BAKULTALA, received on 30/06/2010

2 Rs 40000/- is paid, by the Bankers cheque number 339331, Bankers Cheque Date 26/06/2010, Bank Name State Bank of India, BAKULTALA, received on 30/06/2010

( Sadhan Chandra Das )
DISTRICT SUB-REGISTRAR-II

Government Of West Bengal
Office Of the D.S.R.-II SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

Endorsement For Deed Number : I - 06529 of 2010
(Serial No. 06052 of 2010)

3 Rs. 39510/- is paid, by the Bankers cheque number 339330, Bankers Cheque Date 26/06/2010, Bank Name State Bank of India, BAKULTALA, received on 30/06/2010

( Sadhan Chandra Das )
DISTRICT SUB-REGISTRAR-II

**On 01/07/2010**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,4 of Indian Stamp Act 1899.

( Sadhan Chandra Das )
DISTRICT SUB-REGISTRAR-II

( Sadhan Chandra Das )
DISTRICT SUB-REGISTRAR-II

Bijoy Krishna Shill
Sanjit seal

কমবেশ ৩ তিন কাঠা ১৫ পনের ছটাক ১০ দশ বর্গফুট বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ৫০ বর্গফুট পরিমিত এ্যাসবেসটাসের ছাউনি যুক্ত গৃহাদি ।

একুনে অত্র কোবালা দাতাদ্বয় আমাদের উভয়ের খরিদা মোট কমবেশী ৫ পাঁচ কাঠা ১০ দশ ছটাক ৩৮ আটত্রিশ বর্গফুট বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট - পরিমিত গৃহাদি সহ সম্পত্তি মায় সংলগ্ন কমন প্যাসেজ বা রাস্তার সর্ব্ব প্রকার ব্যবহারি ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি যাহা অত্র দলিল সন্নিম্ন নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত ইহাই অত্র কোবালা দলিল মূলে বিক্রীত সম্পত্তি - হইতেছে । উক্ত নকসা অত্র কোবালা দলিলের একাংশ বলিয়া গণ্য হইয়া রহিল ।

বিক্রীত সম্পত্তির চৌহদ্দি -

উত্তর - ১৭´ফুট প্রশস্ত রাস্তা ।

দক্ষিণ - বুদ্ধেন্দ্র লাল মান্না ও চন্দ্র মোহন সাঁতরার জমি ।

পূর্ব্ব - পুকুর ।

পশ্চিম - মনোরঞ্জন চৌধুরীর জমি ।

Bijoy Krishna Shill.

Sanjit Seal



তপশীল টাকার জায় –

১। এলাহাবাদ ব্যাঙ্ক ,ডায়মণ্ডহারবার রোড শাখার ইং ৫।৩।২০১০ তারিখে ৪১৯৫২৯ নং চেক মারফৎ প্রদেয় – ১২,০০,০০০ টাকা

২। ব্যাঙ্ক অফ মহারাস্ট্র সখেরবাজার শাখার ইং ২৯।৬।২০১০ তারিখে ৮৮৫৭৯৩ নং চেক মারফৎ প্রদেয় – – ৮,৭৫,০০০ টাকা

মোট – ২০,৭৫,০০০ টাকা

সবলগে কুড়ি লক্ষ পঁচাত্তর হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম।

Bijoy Krishna S.

Sanjit Seal

মুসাবিদা কারক –

Alok Biswas
Advocate
Alipore police court
Kol-27.

ইসাদী –

Tilak Ghosh.
9 Bose Para Bye Lane
P.S - Thakurpukur.


২। [illegible]

টাইপ কারক –

P



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name ....SRI BIJAY KRISHNA SHILL

Signature Bijoy Krishna Shill.



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name ....SRI SANJIT SEAL

Signature Sanjit seal



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name ...ANURADHA Roy

Signature ...Anuradha Roy

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ....................................

Signature ..................................